ভোরের কাগজ

তারিখ ...... 18 MAY 2003
পৃষ্ঠা ...... কলাম ......

পরীক্ষার সময় শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে না

# প্রতি উপজেলায় পৃথক পরীক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা করা হবে : মিলন

ভ্রাম্যমাণ প্রতিনিধি, খুলনা থেকে : শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, পরীক্ষা চলাকালীন যাতে স্কুল-কলেজ বন্ধ না রাখতে হয় এজন্য আগামীতে সারা দেশে প্রতি উপজেলায় একটি করে পৃথক পরীক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা করা হবে। এসএসসি, এইচএসসি, আলিম, ফাজিল, কামিলসহ যে কোনো পরীক্ষা এই হলে অনুষ্ঠিত হবে। [illegible] পরীক্ষা চলাকালীন কোনো শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে না।

গত শুক্রবার খুলনা সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজ প্রাঙ্গণে ২০০৩ সালের এইচএসসি, আলিম ও ভোকেশনাল পরীক্ষা সুষ্ঠুভাবে ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষা প্রতিমন্ত্রী এ কথা বলেন। যশোর শিক্ষাবোর্ডের চেয়ারম্যান এ বি এম সাত্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন খুলনা বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য ড. জাবিদ হুসাইন, খুলনার ডেপুটি পুলিশ কমিশনার মাহবুব হাকিম, খুলনার জেলা প্রশাসক রেজাদুল ইসলাম, সরকারি মজিদ মেমোরিয়াল কলেজের অধ্যক্ষ প্রফেসর রমেশ চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানে খুলনার বিভিন্ন কলেজ ও মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।

এ ছাড়াও শিক্ষা প্রতিমন্ত্রী মিলন বিকালে খুলনা বিশ্ববিদ্যালয়ের গবেষণা সেলের উদ্যোগে ও পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের সোশাল সায়েন্স রিসার্চ কাউন্সিলের অর্থায়নে সোসাল সায়েন্স রিসার্চ মেথডোলজি [illegible] শীর্ষক তিনদিনব্যাপী উচ্চতর প্রশিক্ষণ কর্মশালা কর্মসূচির উদ্বোধন করেন।